Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# The Country Today



DU VC Prof Dr. Niaz Ahmed Khan delivererung speech at the inaugural session of the workshop on Research Methodology: Topic – Understanding Research in Arts & Fine Arts: Nature, Scope & Ethical Foundation in Interdisciplinary Context, organized by Institutional Quality Assurance Cell (IQAC) at Shaheed Mozaffar Haydar Chowdhury Auditorium in Atrs Building on Sunday. -CT Photo

## আজকের পত্রিকা



মো. আখতারুজ্জামান মাকসুদ কামাল

ঢাবি ভিসির বাসভবনে হামলা

### সাবেক ২ ভিসিসহ ১৩ জনের বিরুদ্ধে রাশেদের মামলা

ঢাবি সংবাদদাতা

২০১৮ সালে কোটা সংস্কার আন্দোলনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্যের (ভিসি) বাসভবনে হামলা-ভাঙচুরের ঘটনায় সাবেক দুই উপাচার্য, আওয়ামী লীগের নেতাসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক ও তৎকালীন কোটা সংস্কার আন্দোলনের অন্যতম সংগঠক মো. রাশেদ খান গতকাল রোববার শাহবাগ থানায় মামলাটি করেন।

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

### সাবেক ২ ভিসিসহ ১৩ জনের

শেষ পৃষ্ঠার পর

মামলা হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর। মামলার আসামিরা হলেন ঢাবির সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ও সাবেক উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাবেক প্রক্টর অধ্যাপক গোলাম রব্বানী, আওয়ামী লীগ সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবীর নানক, সাংগঠনিক সম্পাদক এনামুল হক শামীম, বর্তমানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন, ঢাবি শাখার সাবেক সভাপতি আবিদ আল হাসান ও সাধারণ সম্পাদক মোতাহার হোসেন প্রিন্স, সহসভাপতি আল নাহিয়ান খান জয়, ঢাকা কলেজ শাখার সাবেক সাধারণ সম্পাদক সাকিব হাসান সুইম, মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সভাপতি মেহেদী হাসান এবং ঢাবির সাবেক উপ-উপাচার্য অধ্যাপক মুহাম্মদ আবদুস সামাদ।

অজ্ঞাতনামা পাঁচ শতাধিক ছাত্রলীগ কর্মী এই হামলার সঙ্গে জড়িত ছিলেন বলে মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে।

২০১৮ সালের ৮ এপ্রিল কোটা সংস্কার আন্দোলনের সময় শাহবাগ এলাকায় পুলিশ কাঁদানে গ্যাস শেল ছুড়লে ও লাঠিপেটা শুরু করলে শিক্ষার্থীরা উত্তেজিত হয়ে পড়েন। পরদিন রাতে 'ঢাকা কলেজ ছাত্রলীগ' লেখা "টিশার্ট পরা একদল যুবক উপাচার্যের বাসভবনের গেট ভাঙচুর ও আগুন ধরিয়ে দেয় বলে মামলায় অভিযোগ করা হয়। ঘটনার পর বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তা এস এম কামরুল আহসান শাহবাগ থানায় অভিযোগ করেন। তবে ওই অভিযোগের তদন্তের অগ্রগতি সম্পর্কে কিছু জানা যায়নি।

রাশেদ খানের অভিযোগ, ঘটনার সঙ্গে তাঁর কোনো সম্পৃক্ততা না থাকা সত্ত্বেও তাঁকে শেখ হাসিনাকে কটূক্তির অভিযোগে এবং বাসভবন ভাঙচুরের মামলায় গ্রেপ্তার দেখিয়ে ১৫ দিনের রিমান্ডে নেওয়া হয়। সে সময় তাঁকে শারীরিক ও মানসিক নির্যাতন করা হয়েছিল। সেদিন প্রকৃত হামলাকারীদের রক্ষা করতে তাঁদের বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়েছিল। তাঁরা মামলার সব তথ্য-প্রমাণ দিয়েছেন; কিন্তু তখন কোনো তদন্ত হয়নি। তাই এখন আবার মামলা করতে হয়েছে।

গতকালের মামলার বিষয়ে ঢাবি প্রশাসনের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## রুপালী বাংলাদেশ

### ঢাবির সাবেক ২ উপাচার্যসহ ১৩ জনের নামে মামলা

রূপালী প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্যের বাসভবনে হামলা ও ভাঙচুরের ঘটনায় সাবেক দুই উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান ও অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং তৎকালীন প্রক্টর গোলাম রাব্বানীসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক এবং তৎকালীন কোটা সংস্কার আন্দোলনের সংগঠক রাশেদ খান বাদী হয়ে এই মামলা করেছেন। সাত বছর আগে কোটা সংস্কার আন্দোলনের সময় উপাচার্যের বাসভবনে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

গতকাল রোববার বিকেলে রাজধানীর শাহবাগ থানায় মামলা গ্রহণের বিষয়টি নিশ্চিত করেছেন ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর।

এজাহারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে এক নম্বর আসামি করা হয়েছে। এ ছাড়া সাবেক প্রক্টর অধ্যাপক গোলাম রাব্বানী, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক, সাংগঠনিক সম্পাদক এনামুল হক শামীম, নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সভাপতি সাইফুর রহমান সোহাগ, সাবেক কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন, ঢাবি শাখার সাবেক সভাপতি আবিদ আল হাসান, ঢাবি শাখার সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন প্রিন্স, সাবেক কেন্দ্রীয় সভাপতি আল নাহিয়ান খান জয়, ঢাকা কলেজ শাখার সাবেক সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় সহ-সভাপতি সাকিব হাসান সুইম, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড কেন্দ্রীয় কমিটির সভাপতি মেহেদী হাসান, ঢাবি শিক্ষক সমিতির তৎকালীন সভাপতি পরে উপাচার্য অধ্যাপক মাকসুদ কামাল এবং ঢাবির সাবেক উপ-উপাচার্য অধ্যাপক মুহাম্মদ আবদুস সামাদকে মামলায় আসামি করা হয়েছে। এর বাইরে অজ্ঞাতনামা হিসেবে আনুমানিক পাঁচ শতাধিক ছাত্রলীগের নেতা-কর্মীকে মামলায় আসামি করা হয়েছে। মামলার এজাহারে রাশেদ খান বলেন, ২০১৮ সালের ৮ এপ্রিল কোটা সংস্কার আন্দোলনে পুলিশ অতর্কিত হামলা ও টিয়ারগ্যাস নিক্ষেপ করলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলসহ আশপাশের শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে যোগ দেন।

## বাংলাদেশ প্রতিদিন

### ঢাবির সাবেক দুই ভিসিসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২০১৮ সালে কোটা সংস্কার আন্দোলনের সময় হামলা ও ভাঙচুরের ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাবেক দুই ভিসি অধ্যাপক ড. আখতারুজ্জামান ও অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং তৎকালীন প্রক্টর গোলাম রাব্বানীসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

### ঢাবির সাবেক দুই

[পেছনের পৃষ্ঠার পর] মামলাটি দায়ের করেন। গতকাল বিকালে রাজধানীর শাহবাগ থানায় মামলা গ্রহণের বিষয়টি নিশ্চিত করেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর।

এজাহারে ঢাবির সাবেক ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে এক নম্বর আসামি করা হয়েছে। এ ছাড়া সাবেক প্রক্টর অধ্যাপক গোলাম রাব্বানী, আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক, সাংগঠনিক সম্পাদক এনামুল হক শামীম, নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সাবেক সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন, ঢাবি শাখার সাবেক সভাপতি আবিদ আল হাসান ও সাধারণ সম্পাদক মোতাহার হোসেন প্রিন্স, ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সভাপতি আল নাহিয়ান খান জয়, ঢাকা কলেজ শাখার সাবেক সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় সহসভাপতি সাকিব হাসান সুইম, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড কেন্দ্রীয় কমিটির সভাপতি মেহেদী হাসান, ঢাবি শিক্ষক সমিতির তৎকালীন সভাপতি পরে উপাচার্য হওয়া অধ্যাপক মাকসুদ কামাল, ঢাবির সাবেক উপউপাচার্য অধ্যাপক মুহাম্মদ আবদুস সামাদকে আসামি করা হয়েছে।